সমকাল

তারিখ 07 DEC 2015
পৃষ্ঠা 2 কলাম 2

যৌন নিপীড়ন

# ঢাবির দুই ছাত্র আটক

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

যৌন হয়রানির অভিযোগের ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রকে গতকাল রোববার দুপুরে পুলিশে সোপর্দ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

থানায় আটক ওই দুই শিক্ষার্থী হলেন– ইতিহাস বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী আশরাফ ও একই বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী আসাদ শেখ। অভিযোগকারী ইসলামের ইতিহাস বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী।

জানা যায়, কিছুদিন থেকে আশরাফ মেয়েটিকে অনুসরণ করত। মোবাইল ফোনে কল দিয়ে বিরক্ত করতের। মেয়েটির সাড়া না পেয়ে ফোনে অশ্লীল মেসেজ পাঠাতেন। আর আসাদ ওই ছাত্রীকে কয়েক দফা হুমকি-ধমকি দিয়েছেন বলে অভিযোগ। গতকাল সকালে মেয়েটি ওই দুই ছাত্রের বিরুদ্ধে যৌন হয়রানির লিখিত অভিযোগ করলে প্রক্টরিয়াল টিম তাদের পুলিশে সোপর্দ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর (ভারপ্রাপ্ত) অধ্যাপক এএম আমজাদ বলেন, এক ছাত্রীকে লাঞ্ছিত করা হচ্ছে এমন অভিযোগের ভিত্তিতে দু'জনকে আটক করে প্রাথমিকভাবে থানায় দেওয়া হয়েছে।